তারিখ ... 02 AUG 2015 ..
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... 2 ......

যুগান্তর

সাবেক ছাত্র নেতাদের বিবৃতি

# ছাত্রদল সভাপতিকে গ্রেফতার ক্ষমতাসীনদের হীন কৌশল

**যুগান্তর রিপোর্ট**

ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির সভাপতি রাজীব হাসানের কাছ থেকে নিষিদ্ধ মাদকদ্রব্য উদ্ধারের নামে তাকে মাদক আইনে গ্রেফতার করা ছাত্র নেতৃত্বকে জাতির সামনে হেয় করার জন্য ক্ষমতাসীনদের হীন কৌশল বলে মনে করেন সাবেক ছাত্র নেতারা। এই ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে শুক্রবার গণমাধ্যমে একটি বিবৃতি পাঠান তারা। এই বিবৃতিতে স্বাক্ষর করেছেন, মোস্তাফিজুর রহমান বাবুল, আতাউর রহমান ঢালী, সাইফুদ্দিন আহমেদ মনি, মোহাম্মদ আবদুল আহাদ, খন্দকার লুৎফর রহমান, জহির উদ্দিন স্বপন, আলী নেওয়াজ মাহমুদ খৈয়াম, সাইফুল ইসলাম শিশির, আকতার হোসেন, আমজাদ হোসেন, মাসুদ অরুণ, সালাহ উদ্দিন তরুণ, আসাদুজ্জামান আসাদ ও জহিরুল ইসলাম বাবু প্রমুখ। বিবৃতিতে স্বাক্ষর করা নেতারা বিগত দিনে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, বাংলাদেশ ছাত্র মৈত্রী, গণতান্ত্রিক ছাত্রলীগ, বাংলাদেশ ছাত্র ফেডারেশন ও বাংলাদেশ ছাত্রলীগের (জাগপা) শীর্ষপদে আসীন ছিলেন। এখন এসব নেতারা বিএনপি ও তার জোটের রাজনীতির সঙ্গে সম্পৃক্ত।